

# বাংলাদেশ ব্যাংক

Website: www.bangladesh-  
bank.org

www.bangladeshbank.org.bd

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৩

তারিখ: ৭ পৌষ, ১৪১৬  
২১ ডিসেম্বর, ২০০৯

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়

## তলবী ও মেয়াদী দায়ের মাসিক বিবরণী (DB-4) এবং সহজে বিনিময়যোগ্য সম্পদ সংরক্ষণ সংক্রান্ত মাসিক বিবরণীসমূহ (DB-5 ও অন্যান্য) দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বর্তমান ব্যবস্থায় সর্ব তফসিলি ব্যাংক তাদের তলবী ও মেয়াদী দায়ের মাসিক বিবরণী (DB-4) এবং সহজে বিনিময়যোগ্য সম্পদ সংরক্ষণ সংক্রান্ত মাসিক বিবরণীসমূহ (DB-5 ও অন্যান্য) নির্ধারিত সময়ে (প্রতি মাসের বিবরণী পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে) অত্র বিভাগে দাখিল করে থাকে। উক্ত বিবরণীগুলোর মধ্যে প্রচলিত ধারার তফসিলি ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখাগুলোর জন্য আলাদা কোন বিবরণী অন্তর্ভুক্ত নেই। বিগত ৯ নভেম্বর ২০০৯ তারিখে বিআরপিডি সার্কুলার নং-১৫ এর মাধ্যমে ইসলামী ব্যাংকিং সংক্রান্ত গাইডলাইনস-এর Section-VI এ প্রচলিত ধারার তফসিলি ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখাগুলোর জন্য বাংলাদেশ ব্যাংকের সাথে পৃথক চলতি হিসাব সংরক্ষণের এবং উক্ত ইসলামী ব্যাংকিং শাখাগুলোর তলবী ও মেয়াদী দায়ের বিপরীতে ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকগুলোর মতো আলাদাভাবে CRR ও SLR সংরক্ষণের নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক প্রচলিত ধারার তফসিলি ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখাগুলোর জন্য জানুয়ারী ২০১০ থেকে পৃথকভাবে CRR/SLR সংরক্ষণ করতে হবে। এতদপ্রেক্ষিতে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

০১। প্রচলিত ধারার যেসব তফসিলি ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখা রয়েছে সেসব ব্যাংক তাদের তলবী ও মেয়াদী দায় সংক্রান্ত তথ্যাদি দাখিলের ক্ষেত্রে প্রচলিত ধারার ব্যাংক শাখার জন্য DB-4(C) এবং ইসলামী ব্যাংকিং শাখার জন্য DB-4(I) ছকে বিবরণী দাখিল করবে। এছাড়া ইসলামী ব্যাংকিং ব্যবস্থায় পরিচালিত তফসিলি ব্যাংকগুলোও তাদের তলবী ও মেয়াদী দায় সম্পর্কিত তথ্যাদি দাখিলের ক্ষেত্রে DB-4(I) ছক অনুসরণ করবে।

০২। প্রচলিত ধারার যেসব তফসিলি ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখা রয়েছে সেসব ব্যাংক তাদের সহজে বিনিময়যোগ্য সম্পদ সংরক্ষণ সংক্রান্ত তথ্যাদি দাখিলের ক্ষেত্রে প্রচলিত ধারার ব্যাংক শাখার জন্য DB-5(C) সহ অন্যান্য বিবরণী এবং ইসলামী ব্যাংকিং শাখার জন্য DB-5(I) সহ অন্যান্য বিবরণীর ছকে রিপোর্ট করবে। এছাড়া ইসলামী ব্যাংকিং ব্যবস্থায় পরিচালিত তফসিলি ব্যাংকগুলোও তাদের সহজে বিনিময়যোগ্য সম্পদ সংরক্ষণ সংক্রান্ত তথ্যাদি দাখিলের ক্ষেত্রে DB-5(I) সহ অন্যান্য বিবরণীর ছকে রিপোর্ট করবে।

০৩। উক্ত বিবরণীগুলো প্রতিমাসে ডিসেম্বর ২০০৯ হতে (জানুয়ারী ২০১০ এ দাখিলযোগ্য) নিয়মিতভাবে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে অত্র বিভাগে দাখিল করতে হবে। এ পর্যায়ে নভেম্বর ২০০৯ মাসের তলবী ও মেয়াদী দায় সংক্রান্ত তথ্যাদি সংযুক্ত ছকে ২৫ ডিসেম্বর ২০০৯ তারিখের মধ্যে অত্র বিভাগে পুনরায় দাখিল করতে হবে।

অঃ পৃঃ দ্রঃ

পূর্ববর্তী পৃষ্ঠা হতে :

০৪। বিবরণীগুলো দাখিলের সময় এর Soft Copy (CD এর মাধ্যমে) অত্র বিভাগে দাখিল করতে হবে। সে লক্ষ্যে Soft Copy এর ফরম্যাট অত্র বিভাগ থেকে সংগ্রহ করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

০৫। বিবরণী দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ফরওয়ার্ডিংসহ DB-4(C) ও DB-4(I) এর একটি কপি এবং DB-5(C) ও DB-5(I) এর একটি কপিও সংশ্লিষ্ট CD'র সাথে দাখিল করতে হবে।

ডিওএস সাকুলার লেটার নং-০৫/২০০৮ এবং ০৫/২০০৯ এর সাথে জারীকৃত সংশ্লিষ্ট ছকগুলো অত্র সাকুলার লেটারে বর্ণিত নির্দেশনার আলোকে সংশোধিত হিসেবে গণ্য হবে এবং এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত  
স্বাঃ/-

(এস. কে. সুর চৌধুরী)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৭১২০৩৭৬